

■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৯৭

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ হাজীদের জন্য মক্কা প্রবেশের সময় যা করা মুস্তাহাব তার বিবরণ

ذِكْرُ مَا يُسْتَحْبِطُ لِلْحَاجِ أَنْ يَبْدَا بِهِ عِنْدَ دُخُولِهِ مَكَّةَ

আরবী

3797 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ بْنُ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ ابْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا أَبْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ مُحَمَّدٍ بْنِ عَبْدِ الرَّحْمَنِ: أَنَّ رَجُلًا مِنْ أَهْلِ الْعِرَاقِ قَالَ: سَلَّمَ لِي عُرْوَةُ بْنَ الْزُبِيرِ عَنْ رَجُلٍ يُهْلِكُ بِالْحَاجِ فَإِذَا طَافَ بِالْبَيْتِ أَهْلَ أَمْ لَاءَ؛ فَقَالَ عُرْوَةُ: قَدْ حَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَخْبَرَنِي عَائِشَةُ أَنَّ أَوَّلَ شَيْءٍ بَدَأَ بِهِ حِينَ قَدِمَ مَكَّةَ أَنَّهُ تَوْضِأً وَطَافَ بِالْبَيْتِ.

الراوي : مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3797 | خلاصة حكم المحدث: صحيح: خ (1614) ، م (4/54).

বাংলা

৩৭৯৭. মুহাম্মাদ বিন আব্দুর রহমান থেকে বর্ণিত, তিনি বলেন, “ইরাকের এক ব্যক্তি বললো, “আপনি আমার জন্য উরওয়া বিন যুবাইর রাদ্বিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করুন এই ব্যক্তি সম্পর্কে, যিনি হজের ইহরাম বাঁধে। অতঃপর যখন বাইতুল্লাহর তাওয়াফ করবে, তখন কি সে ইহরাম বাঁধবে নাকি বাঁধবে না?” জবাবে উরওয়া রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “নিশ্চয়ই আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হজ করেছেন। অতঃপর আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহু আমাকে হাদীস বর্ণনা করেছেন যে, তিনি মক্কায় প্রবেশ করে সর্বপ্রথম ওয়ু করে বাইতুল্লাহর তাওয়াফ করেছেন।”[1]

ফুটনোট

[1] সহীভুল বুখারী: ১৬১৪; সহীহ ইবনু খুয়াইমাহ: ২৬৯৯; সুনান বাইহাকী: ৫/৭৭; বাগাবী: ১৮৯৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তালীকাতুল হিসান: ৩৭৯৭)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু আবদুর রহমান (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93136>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন